



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬০৫৫/৮০৯

তারিখ : ২৪-০৮-২০২৩ খ্রি.

বিষয় : এডহক কমিটি গঠনের অনুমতি প্রসঙ্গে।

সূত্র : ক) প্রধান শিক্ষকের ০৬-০৩-২০২২ খ্রি. তারিখের অনলাইন আবেদন (আইডি নং-১৩৩২৩)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার সদর উপজেলাধীন “শুড়া মাধ্যমিক বিদ্যালয়, এর নিয়মিত ম্যানেজিং কমিটি নির্বাচন সংক্রান্তে জনাব সন্নাসী কুমার সরকার দিৎ বিজ্ঞ সিনিয়র সহকারী জজ আদালত, যশোর এ দেওয়ানী ০১/২০২২ নং মোকদ্দমা দায়ের করেন এবং উক্ত মোকদ্দমার বাদী পক্ষ প্রত্যাহারের আবেদন করায় বিজ্ঞ আদালত ০১-০৮-২০২৩ খ্রি. তারিখে বাদী পক্ষ কর্তৃক মোকদ্দমা না চালানো হেতু খারিজের আদেশ প্রদান করেন বিধায় মহামান্য আদালতের নির্দেশনা ও বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত অনুযায়ী বর্ণিত বিদ্যালয়ে পরবর্তী ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গর্ভনিঃ বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৩৯ অনুসারে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হলো। আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিধিমোতাবেক এডহক কমিটি গঠন করে অনুমোদনের জন্য সোনালী সেবার মাধ্যমে বোর্ড তহবিলে ৩,০০০/- (তিন হাজার) টাকা ফিস এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন দাখিল করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রধান শিক্ষক
শুড়া মাধ্যমিক বিদ্যালয় (১১৬০০১)
ছাতিয়ানতলা, যশোর সদর, যশোর

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাক্ষরিত

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন নম্বর-০২৪৭৭৭৬২৭০৫

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬০৫৫/৮০৯(১-৬)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর।
- ৩। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঘারপাড়া, যশোর।
- ৫। জনাব জনাব সন্নাসী কুমার সরকার দিৎ, মোকদ্দমা দায়েরকারী।
- ৬। সংরক্ষণ নথি।


তারিখ : ২৪-০৮-২০২৩ খ্রি.


২৪/০৮/২৩

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর


২৪/০৮/২৩